

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিটিজেন চার্টার

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

সেবা গ্রহিতা যে সকল সেবা পাওয়ার অধিকার সংরক্ষণ করেন

১. উপজেলা স্বাস্থ্য প্রকল্পে আগত নারী-পুরুষ, বৃদ্ধ- যুব- শিশু সকলকে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।
২. দিবা -রাত্রি ২৪ ঘণ্টা জরুরী বিভাগ খোলা থাকে এবং আগত রোগীদের জরুরী চিকিৎসা সেবা প্রদান হয়।
৩. ডায়রিয়া রোগীদের জন্য ও.আর.টি কর্ণার চালু আছে।
৪. হাসপাতালে আগত ও ভর্তি রোগীদের প্রয়োজনীয় প্যাথলজি পরীক্ষা ও এক্স- রে করার ব্যবস্থা আছে।
৫. দিবা - রাত্রি ইওসি সেবা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হয়।
৬. ভর্তি রোগীদের বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে মেডিসিন চিকিৎসা সহ জেনারেল সার্জারি ও গাইনীর মেজর ও মাইনর অপারেশন করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)।
৭. জাতীয় যক্ষ্মা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ কার্যক্রমের আওতায় যক্ষ্মা রোগীদের কফ পরীক্ষার জন্য কফ কালেকশন করা হয় এবং যক্ষ্মা ও কুষ্ঠ রোগীদের বিনা মূল্যে ঔষধ সরবরাহ করা হয়।
৮. ইপিআই কার্যক্রমের আওতায় নিয়মিত মা ও শিশুদের প্রতিষেধক টিকা দেওয়া হয়।
৯. আগত রোগীদের স্বাস্থ্য, পুষ্টি ও প্রজনন স্বাস্থ্য শিক্ষা দেওয়া হয়।
১০. নারী বান্ধব হাসপাতালের কার্যক্রম পরিচালনা করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)
১১. শিশু বান্ধব হাসপাতালের কার্যক্রম পরিচালনা করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)
১২. স্কিল বার্থ এটেনডেন্টদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।
১৩. আগত শিশু- কিশোর ও সক্ষম দম্পতিদের মধ্যে প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম পরিচালনা করা হয়।
১৪. বিভিন্ন উপ- স্বাস্থ্য কেন্দ্র, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক থেকে রেফার্ডকৃত রোগীদের গুরুত্ব সহকারে স্বাস্থ্য সেবা দেওয়া হয় এবং প্রয়োজন বোধে কোন কোন রোগীকে জেলা হাসপাতালে রেফার করা হয়।
১৫. আগত রোগীদের মধ্যে দেশীয় ভেষজ চিকিৎসাকে জনপ্রিয় করার লক্ষ্যে ভেষজ চিকিৎসাও প্রদান করা হয়।
১৬. সরবরাহ সাপেক্ষে ঔষধ সমূহ সেবা কেন্দ্র হতে বিনা মূল্যে প্রদান করা হয়। তবে চিকিৎসার প্রয়োজনে কোন ঔষধ সেবা কেন্দ্রের বাহির হতে সেবা গ্রহিতাকে ক্রয় করতে হতে পারে।
১৭. বিভিন্ন ওয়ার্ড/ বিভাগী মজুদের সরবরাহ তালিকা, প্রদানকৃত সেবা সমূহের তালিকা, সেবা প্রদানকারী চিকিৎসকের তালিকা টানানো আছে।

সেবা গ্রহিতার কর্তব্য

সেবা প্রদানকারীগণ সেবা গ্রহিতার নিকট হতে সৌজন্যমূলক আচরণ প্রাপ্তির অধিকার রাখেন।